

তারিখ ... ..  
পৃষ্ঠা ... কলাম ...

## ইবি বিজ্ঞান অনুযদের শিক্ষক কর্মচারীদের বেতন বন্ধ ॥ ভিসি অফিসে অবস্থান ধর্মঘট

ইবি সংবাদদাতা ॥ কুষ্টিয়া-ইসলামী বিশ্ববিদ্যালয় ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুযদের শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের বন্ধ হয়ে যাওয়া বেতন সমস্যার সমাধান না হওয়ায় গতকাল শনিবার অনুযদের ডিন প্রফেসর এম আলাউদ্দিনের নেতৃত্বে সকল শিক্ষক-কর্মচারী ভিসি অফিসে অবস্থান ধর্মঘট পালন করেছেন। গত বৃহস্পতিবার থেকে সমস্ত ক্লাস পরীক্ষা বন্ধ হয়ে যাওয়ায় বিজ্ঞান অনুযদের শিক্ষার্থীরাও আজ রবিবার থেকে আন্দোলন শুরু করবে। বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির ভারপ্রাপ্ত সভাপতি ড. মাখসুমুর রহমান ও সাধারণ সম্পাদক ড. আবুল বারাকাত মোঃ ফারুক স্বাক্ষরিত যৌথ বিবৃতিতে বিজ্ঞান অনুযদের শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের বেতন বন্ধ হওয়ায় উদ্বেগ প্রকাশ করে বেতন প্রদানের জোর দাবি জানিয়েছেন। ফলিত বিজ্ঞান ও প্রযুক্তি অনুযদের ৬টি বিভাগের ১২০০ শিক্ষার্থীর শ্রেণী পরীক্ষা অনির্দিষ্টকালের জন্য বন্ধ হয়ে

যাওয়ায় গতকাল সকাল থেকেই ছাত্রছাত্রীরা বিজ্ঞান ভবনের নিচতলায় সমবেত হয়। বিশ্ববিদ্যালয়ে অতিরিক্ত দাপ্তা পুলিশ মোতায়েন করেছে কর্তৃপক্ষ। ছাত্রছাত্রীরা মিছিলের প্রতীতি নিলে কয়েকজন শিক্ষক তাদেরকে নর্মণীয় হতে বলেন। সমস্ত শিক্ষক-কর্মচারী অনুযদের ডিন প্রফেসর এম আলাউদ্দিনের সভাকক্ষে সমবেত হয়ে নতুন করে ৬ দফা দাবিনামা পেশ করে কর্তৃপক্ষ বরাবর। অনুযদভবন থেকে দাপ্তা পুলিশ অপসারণ, প্রশাসনের নির্গিণ্ডতার অবসানসহ স্তম্ভ বেতন সমস্যার সমাধান দাবি করে এক ঘণ্টার অবস্থান ধর্মঘট পালন করেছেন শিক্ষক-কর্মচারীরা। আজ রবিবার থেকে শিক্ষকরা বৃহত্তর আন্দোলন শুরু করবেন। এদিকে বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. মুস্তাফিজুর রহমান বেতন সমস্যার সমাধানের জন্য শিক্ষা মন্ত্রণালয় ও মঞ্জুরি কমিশনের কর্মকর্তাদের সাথে একাধিক বৈঠক করে সমস্যা সমাধানের জোর দাবি জানান।